দৈনিক জনকণ্ঠ

তারিখ AUG. 31, 1999
পৃষ্ঠা … কলাম …

# বেসরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক কল্যাণ ট্রাস্ট আইন মন্ত্রিসভায় অনুমোদন

মন্ত্রিসভা রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক কল্যাণ ট্রাস্ট আইন ১৯৯৯ নীতিগতভাবে অনুমোদন করেছে। এ তহবিল থেকে রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের অবসরকালীন সুবিধা প্রদান, কোন শিক্ষক চাকরিকালীন অক্ষম হয়ে পড়লে তাকে আর্থিক সুবিধা প্রদান ও চাকরিকালীন দুর্ঘটনায় মৃত্যু হলে তাদের পরিবারবর্গকে সাহায্য প্রদান করা যাবে।

সোমবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিসভা কক্ষে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ অনুমোদন দেয়া হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সভায় সভাপতিত্ব করেন।

সভায় মন্ত্রী বিভিন্ন মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রীগণ অংশগ্রহণ করেন। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ও সংশ্লিষ্ট সচিবগণ সভায় উপস্থিত ছিলেন। খবর তথ্য বিবরণীর।